মুজিবনগরে চক্ষু ক্যাম্প অনুষ্ঠিত

মুজিবনগরে পলাশীপাড়ার সমাজ কল্যাণ সমিতির মোনাখালী সমৃদ্ধি শাখার উদ্যোগে চক্ষু ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে।

দারিদ্র দূরীকরণের লক্ষ্যে “দরিদ্র পরিবার সমূহের সম্পদ ও সক্ষমতা বৃদ্ধি (সমৃদ্ধি) কর্মসূচীর আওতায়”পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)এর অর্থায়নে এবং পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস)এর বাস্তবায়নে, যশোর আদ দ্বীন চক্ষু হাসপাতাল পরিচালনায় রবিবার সকালে মোনাখালী ইউনিয়ন পরিষদ প্রাঙ্গনে এই চক্ষু ক্যাম্পের আয়োজন করা হয়।

উক্ত চক্ষু ক্যাম্প, চক্ষু ক্যাম্পে ১৬৭ জন চক্ষু রোগীর চিকিৎসা প্রদান করা হয় এর মধ্য থেকে ৩১ জন চোখের সানিপড়া রোগীকে বাছাই করে বিনামূল্যে সানি অপারেশন করা হবে।মোনাখালী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মফিজুর রহমান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে চক্ষু ক্যাম্পের উদ্বোধন করেন।

এ সময় আরো উপস্থিত ছিলেন মোনাখালী প্রবীণ ইউনিয়ন কমিটির সভাপতি আব্দুল মান্নান, সাধারণ সম্পাদক অশকার মিয়া, উপস্থিত ছিলেন সমৃদ্ধি কর্মসূচি সমন্বয়কারী হাসানুজ্জামান, স্বাস্থ্য কর্মকর্তা সমাজ উন্নয়ন কর্মকর্তা ও স্বাস্থ্য পরিদর্শকগণ।

মেহেরপুরে হজরত মুহাম্মদ (স:) নিয়ে ফেসবুকে কটুক্তি; জেল হাজতে প্রেরণ

মেহেরপুরে মহানবী হযরত মুহাম্মদ (সাঃ) কে কটুক্তি করে ফেসবুকে স্ট্যাটাস দেওয়া সাদ্দাম হোসেন ওরফে মিঠুন শাহ নামের এক যুবকের

বিরুদ্ধে মেহেরপুর সদর থানায় মামলা দায়ের করা হয়েছে। মামলার পর পুলিশ অভিযান চালিয়ে তাকে আটক করে আদালতের মাধ্যমে মেহেরপুর কারাগারে পাঠানো হয়েছে।

সকালের দিকে গ্রেফতারের পর আজ শনিবার (৩ ফেব্রুয়ারি) মিঠুন শাহাকে আদালতে নেয়া হলে আদালতের বিজ্ঞ বিচারক তাকে কারাগারে পাঠানোর নির্দেশ দেন।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সেখ কনি মিয়া এই তথ্য নিশ্চিত করেছেন।

তিনি জানান, গতকাল শুক্রবার সদর উপজেলার চাঁদবিল গ্রামের মিঠুর ছেলে মিঠুন শাহা তার ফেসবুকে হজরত মুহাম্মদ (স:) কে নিয়ে কটুক্তি করে একটি স্ট্যাটাস দেয়। এ ঘটনায় চাঁদবিলের মানুষজনের মধ্যে চরম উত্তেজনা দেখা দিলে পুলিশ ঘটনাস্থলে গিয়ে মিঠুন শাহকে আটক করে নিয়ে আসেন।

এ ঘটনায় চাঁদপুর গ্রামের একজন বাদি হয়ে মিঠুন শাহর নামে সদর থানায় একটি মামলা দায়ের করেন।

আজ শনিবার বিকালে তাকে আদালতে নেওয়া হলে মিঠুন শাহ আদালতে ১৪৪ ধারায় জবানবন্দী দেন। পরে আদালত তাকে কারাগারে পাঠানোর নির্দেশ দেন।

মুজিবনগরে প্রধানমন্ত্রীর উপহার শীতবস্ত্র কম্বল বিতরণ

মুজিবনগরে অসহায় দরিদ্র শীতার্ত মানুষের মাঝে প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপহার শীতবস্ত্র কম্বল বিতরণ করা হয়েছে।

আজ শনিবার দুপুরে মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স অডিটরিয়ামে বাংলাদেশ যুব মহিলা লীগ মুজিবনগর উপজেলা শাখার। আয়োজনে,প্রধানমন্ত্রীর উপহার হিসাবে ২০০০ জন শীতার্তদের মাঝে এ সমস্ত কম্বল বিতরণ করা হয়।

কম্বল বিতরণ অনুষ্ঠানে মুজিবনগর উপজেলা যুব মহিলা লীগের সভাপতি তকলিমা খাতুনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কেন্দ্রীয় যুব মহিলা লীগের সহ-সভাপতি ও জনপ্রশাসন মন্ত্রীর সহধর্মিনী সৈয়দা মোনালিসা ইসলাম।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন,মেহেরপুর জেলা যুব মহিলা লীগের সাধারণ সম্পাদক এ্যাড: রুত-শোভা মন্ডল, মুজিবনগর উপজেলা যুব মহিলা লীগের সাধারণ সম্পাদক তহমিনা খাতুন।

এ সময় উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলার স্বেচ্ছাসেবক লীগের সভাপতি মতিউর রহমান মতিন উপজেলা ইয়াং বাংলা ফিউচার লিডারের সভাপতি হাসানুজ্জামান লালটু সহ আওয়ামী যুব মহিলা লীগের উপজেলা নেতৃবৃন্দ।

মেহেরপুরে এম আর ফ্যাশনের শুভ উদ্বোধন

মেহেরপুরের বড়বাজার গার্লস স্কুলের দক্ষিণ পার্শে গুলশানা আরা কমপ্লেক্সে এম আর ফ্যাশনের শুভ উদ্বোধন হয়েছে।

আজ শনিবার (৩ ফেব্রুয়ারি) বিকেল ৫ টার সময় মেহেরপুরের বড়বাজার গার্লস স্কুলের দক্ষিণ পার্শে গুলশানা আরা কমপ্লেক্সে এ ফ্যাশনের শুভ উদ্বোধন হয়।

এম আর ফ্যাশনের প্রোপ্রাইটর মো: মজনু রশিদ (লিটন) সঞ্চালনায় উপস্থিত ছিলেন মেহেরপুর ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম খোকন, মেহেরপুর গড়পাড়া জামে মসজিদের সভাপতি আহসানুল হক, বড়বাজার ব্যবসায়ী সমিতির সদস্য সজল আহম্মেদ, টিটু, রহমতাল্লাহ, বুলবুল প্রমুখ।

এ সময় দোয়া পরিচালনা করেন গড়পাড়া জামে মসজিদের ইমাম আব্দুল হান্নান।

প্রোপ্রাইটর মো: মজনু রশিদ (লিটন) বলেন আমার এখানে পুরুষ,

মহিলা ও বাচ্চাদের সকল প্রকার দেশী-বিদেশী পোষাক সুলভ মূল্যে পাওয়া যাবে।

জনপ্রশাসন মন্ত্রীকে মেহেরপুর জেলা প্রশাসনের সংবর্ধনা

মেহেরপুর-১ আসনে তৃতীয় বারের মত সংসদ সদস্য ও জনপ্রশাসন মন্ত্রী নির্বাচিত হওয়ায় ফরহাদ হোসেনকে মেহেরপুর জেলা প্রশাসনের পক্ষ থেকে সংবর্ধনা প্রদান করা হয়েছে।

শনিবার (৩ ফেব্রুয়ারি) দুপুর ১২ টার দিকে জেলা প্রশাসক কার্যালয় চত্বরে এই সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়।
এ সময় জেলা প্রশাসক শামীম হাসানসহ জেলার সকল সরকারি অফিসের কর্মকর্তা-কর্মচারীর পক্ষ থেকে জনপ্রশাসন মন্ত্রীকে ফুলেল শুভেচ্ছা জানিয়ে সংবর্ধনা দেয়া হয়।

ফুল দেওয়া শেষে জেলা প্রশাসনের আয়োজনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভার সভাপতিত্ব করেন জেলা প্রশাসক শামীম হাসান। প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন জনপ্রশাসন মন্ত্রী।

বক্তব্যে তিনি বলেন,বঙ্গবন্ধুর সোনার বাংলাদেশ বিনির্মাণে জনগনের জন্য আমাদের সুশাসন নিশ্চিত করতে হবে। যেখানেই দূর্ণীতি সেখানেই প্রতিরোধ গড়ে তুলতে হবে। যাদের বিরুদ্ধে দূর্ণতির অভিযোগ উঠবে তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়া হবে।

তিনি আরো বলেন,প্রশাসনকে জনগনের সেবক হিসাবে কাজ করতে হবে। আমরা ডিজিটাল বাংলাদেশ গড়ার পর এখন স্মার্ট বাংলাদেশের দিকে এগিয়ে যাচ্ছি। প্রশাসেন দুর্ণিতি থাকলে উন্নয়ন অগ্রযাত্র ব্যাহত হয়। তাই কোন ধরনের দুর্ণিতি প্রশ্রয় দেওয়া হবেনা। আমাদের কাছে আগামী ৫ বছর অত্যন্ত গুরুত্বপূর্ণ। জনগণকে প্রধানমন্ত্রীর নেতৃত্বে একটি সুন্দর,উন্নত ও স্মার্ট বাংলাদেশ উপহার দিতে চাই।

এছাড়াও এসময় মুজিবনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক রবিউল

ইসলাম, পুলিশ সুপার এস এম নাজমুল হক,জেলা আওয়ামী লীগের সহ সভাপতি আব্দুস সামাদ বাবলু বিশ্বাস এবং সাধারণ সম্পাদক এম এ খালেক প্রমুখ বক্তব্য রাখেন।

গাংনীতে বিদ্যুৎপৃষ্ঠে কৃষকের মৃত্যু

মেহেরপুরের গাংনীতে সেচপাম্প বন্ধ করতে গিয়ে বিদ্যুৎপৃষ্টে আমিরুল ইসলাম(৪৫) নামের এক কৃষকের মৃত্যু হয়েছে। আজ শনিবার (৩ ফেব্রুয়ারি) বেলা ১১টার এ দুর্ঘটনা ঘটে। নিহত আমিরুল ইসলাম গাংনী উপজেলার জালশুকা গ্রামের উত্তরপাড়ার মৃত আব্দুস সাত্তার বিশ্বাসের ছেলে।

স্থানীয়রা জানায়, আমিরুল ইসলাম তার বাড়ির পাশের কৃষি জমিতে সেচ দেওয়া শেষে বৈদ্যুতিক সেচ পাম্পের সুইচ বন্ধ করার সময় বিদ্যুৎপৃষ্ঠে মারাত্মক আহত হয়। পরের স্থানীয়রা গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এ নিয়ে আসে।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগের চিকিৎসক ডা. ফারুক হোসেন জানান, আমিরুল ইসলামকে হাসপাতালে নেয়ার আগেই তার মৃত্যু হয়েছে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ( ওসি) তাজুল ইসলাম কৃষক আমিরুল ইসলামের মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছেন।

মেহেরপুরে ‘সহকারী শিক্ষক’

নিয়োগ পরীক্ষায় অনুপস্থিত ১৩৬৫, বহিস্কার ৩

২য় ধাপে খুলনা, ময়মনসিংহ ও রাজশাহী বিভাগে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক নিয়োগের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার মেহেরপুরে ৪ হাজার ৯৪৮ জন পরীক্ষার্থীর মধ্যে অনুপস্থিত ছিলেন এক হাজার ৩৬৫ জন। এবং ডিভাইস নিয়ে হলে প্রবেশ করার অপরাধে ৩ পরীক্ষার্থীকে বহিস্কার করেছে নির্বাহী ম্যাজিষ্ট্রেট।

জেলা শহরের ৮টি কেন্দ্রে সকাল ১০টায় শুরু হয়ে পরীক্ষা শেষ হয় এগারোটায়। নিয়োগ পরীক্ষা উপলক্ষে আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাথতে জেলা ম্যাজিষ্ট্রেট কেন্দ্রের আশে পাশে ১৪৪ ধারা জারি করেছেন।

জেলা শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, ৮টি কেন্দ্রের ৪ হাজার ৯৪৮ জন পরীক্ষার্থীর মধ্যে অনুপস্থিত ছিলো ১৩৬৫ জন। ডিভাইস রাখার কারণে মেহেরপুর সরকারি কলেজ কেন্দ্র থেকে ২ জন এবং মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয় কেন্দ্র থেকে একজন বহিস্কার করেছে নির্বাহী ম্যাজিষ্ট্রেট।

মেহেরপুরে নিরাপদ সড়ক ও ফুটপাত দখলমুক্ত করার দাবিতে মানববন্ধন

মেহেরপুরে নিরাপদ সড়ক, অবৈধ যানবাহন চলাচল বন্ধ ও ফুটপাত দখল মুক্ত করার দাবিতে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

“নিরাপদ সড়ক,অবৈধ যানবাহন চলাচল বন্ধ ও দখলমুক্ত ফুটপাত চাই”এই প্রতিপাদ্যে শুক্রবার (২ ফেব্রুয়ারি) বিকেলে মেহেরপুর প্রেস

ক্লাবের সামনে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়।

ভলেন্টিয়ার ফর বাংলাদেশ (ভিবিডি) মেহেরপুর জেলা শাখা আয়োজিত মানববন্ধনে ভলেন্টিয়ার ফর বাংলাদেশ মেহেরপুর জেলা শাখার সভাপতি তানজীমুল, সাধারণ সম্পাদক নাফিউল, সহ-সভাপতি রাব্বি, কোষাধক্ষ আনাস, মানব সম্পদ কর্মকর্তা ইমতিয়াজ, মেহেরপুর কলেজ অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজির ভাইস প্রিন্সিপাল খন্দকার মুইজ, সোসিয়াল অ্যাক্টিভিটিস্ট ও মেহেরপুর উদ্যোক্তা অ্যাসোসিয়েশনের সভাপতি শরিফুল ইসলাম পলাশ বক্তব্য রাখেন।

এছাড়াও এসময় তুরজাউন,বাপ্পি,তানভীরসহ বিভিন্ন কলেজের শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

বক্তাগণ তাদের বক্তব্যে বলেন মেহেরপুরে যানজট নিরসনে প্রয়োজনীয় ব্যবস্থা ও অবৈধ ফুটপাত দখলমুক্ত করতে হবে। এছাড়াও আরো গুরুত্বপূর্ণ সচেতনতামূলক বিষয়ে বক্তাগণ বক্তব্য রাখেন।

উল্লেখ্য, ৩১ জানুয়ারি মেহেরপুর শহরে বাঁশের গুড়িভর্তি বেপরোয়া গতির লাটাহাম্বারের ধাক্কায় একজন এলজিইডির অফিস সহকারী প্রাণ হাড়ায়।

মেহেরপুরে বুদ্ধি প্রতিবন্ধী ও অটিস্টিক বিদ্যালয়ের ভবন নির্মাণের উদ্বোধন

মেহেরপুরে বুদ্ধি প্রতিবন্ধী ও অটিস্টিক বিদ্যালয়ের দুই কক্ষ বিশিষ্ট ভবন নির্মাণের ভিত্তিপ্রস্তর অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার (২ ফেব্রুয়ারি) বেলা ১২ টার সময় মেহেরপুরে বুদ্ধি প্রতিবন্ধী ও অটিস্টিক বিদ্যালয়ে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

মেহেরপুর বুদ্ধি প্রতিবন্ধী অটিস্টিক বিদ্যালয়ের সভাপতি সৈয়দা মোনালিসা ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন

জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্থায়ী সরকারের উপ-পরিচালক শামীম হোসেন, অতিরিক্ত পুলিশ সুপার কামরুল আহসান, উপজেলা নির্বাহী অফিসার কাজী নাজিম হাসান।

আরো উপস্থিত ছিলেন পিপি পল্লব ভট্টাচার্য, মেহেরপুর সদর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. অলোক কুমার দাস, সদর উপজেলা ভাইস চেয়ারম্যান আবুল হাশেম প্রমুখ।

এসময় বাংলাদেশ সরকার ও জাইকা, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের অর্থায়নে এবং মেহেরপুর সদর উপজেলা পরিষদের বাস্তবায়নে ২২ লক্ষ ২৯ হাজার ১৯০ টাকা ব্যয়ে মেহেরপুরে বুদ্ধি প্রতিবন্ধী ও অটিস্টিক বিদ্যালয়ের দুই কক্ষ বিশিষ্ট ভবন নির্মাণের ভিত্তিপ্রস্তর করেন জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ‘সহকারী শিক্ষক’ নিয়োগ পরীক্ষা আজ

২য় ধাপে খুলনা, ময়মনসিংহ ও রাজশাহী বিভাগে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক নিয়োগের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে আজ শুক্রবার। তার অংশ হিসেবে মেহেরপুরে এ পরীক্ষায় অংশ নিচ্ছেন ৪ হাজার ৯৪৮ জন পরীক্ষার্থী।

জেলা শহরের ৮টি কেন্দ্রে সকাল ১০টায় শুরু হবে পরীক্ষা। শেষ হবে এগারোটায়। এর মধ্যে ২ হাজার ৬৮২ জন মহিলা এবং ২ হাজার ২৬৬ জন পুরুষ প্রার্থী রয়েছেন। নিয়োগ পরীক্ষা উপলক্ষে আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাথতে জেলা ম্যাজিষ্ট্রেট কেন্দ্রের আশে পাশে ১৪৪ ধারা জারি করেছেন।

জেলা শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, ৮টি কেন্দ্রের আসন বিন্যাস করা হয়েছে। এর মধ্যে মেহেরপুর সরকারি কলেজ কেন্দ্রে ১২০০ মহিলা

প্রার্থী, মেহেরপুর সরকারি মহিলা কলেজ কেন্দ্রে ৭৪৮ জন মহিলা প্রার্থী, মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয় কেন্দ্রে ৬০০ মহিলা প্রার্থী, ছহিউদ্দিন ডিগ্রি কলেজ কেন্দ্রে ১৩৪ জন মহিলা প্রার্থী, ৪১৬ জন পুরুষ প্রার্থী, মেহেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় কেন্দ্রে ৫০০ জন পুরুষ প্রার্থী, মেহেরপুর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ কেন্দ্রে ৪৪০ জন পুরুষ পুরুষ প্রার্থী, জিনিয়াস ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজে কেন্দ্রে ৫০০ জন পুরুষ প্রার্থী, মেহেরপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয় এন্ড বিএম কলেজ কেন্দ্রে ৪১০ জন পুরুষ প্রার্থী পরীক্ষায় অংশ নিবেন।

জেলা প্রাথমিক শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, সহকারী শিক্ষক নিয়োগের লিখিত পরীক্ষা সুষ্ঠভাবে সম্পন্ন করতে ইতোমধ্যে সকল প্রস্Í◌ুতি সম্পন্ন করা হয়েছে। কেন্দ্রে কেন্দ্রে ১৪৪ ধারার নোটিশ পৌছানো হয়েছে।

পরীক্ষার্থীদের জন্য নির্দেশনা
পরীক্ষা কেন্দ্রে কোনো বই, উত্তরপত্র, নোট বা অন্য কোনো কাগজপত্র, ক্যালকুলেটর, মোবাইল ফোন, ভ্যানিটি ব্যাগ, পার্স, হাতঘড়ি বা ঘড়িজাতীয় বস্তু, ইলেকট্রনিক হাতঘড়ি বা যে কোনো ধরনের ইলেকট্রনিক ডিভাইস, কমিউনিকেটিভ ডিভাইস, জাতীয় পরিচয়পত্র (স্মার্ট কার্ড) ছাড়া কোনো ধরনের ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড অথবা অন্য কোনো কার্ড বা এ-জাতীয় বস্তু সঙ্গে নিয়ে প্রবেশ করা বা সঙ্গে রাখা সম্পূর্ণ নিষিদ্ধ।

যদি কোনো পরীক্ষার্থী উল্লিখিত দ্রব্যাদি সঙ্গে নিয়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করে তবে তাকে তাৎক্ষণিক বহিষ্কারসহ সংশ্লিষ্টের বিরুদ্ধে প্রচলিত আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।